# স্বাধীন বাংলাদেশে কেউ সংখ্যালঘু নয়: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বাংলাদেশের স্বাধীন নাগরিক হিসেবে কাউকে সংখ্যালঘু পরিচয়ে বিবেচনা করা উচিত নয় বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, দেশের প্রতিটি নাগরিকের নিজ নিজ ধর্ম পালনের পূর্ণ স্বাধীনতা রয়েছে এবং এই অধিকার শুধু সংবিধান বা বইয়ের পাতায় সীমাবদ্ধ না থেকে বাস্তব জীবনেও নিশ্চিত করতে হবে।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে জন্মাষ্টমী উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মানুষের ধর্মীয় পরিচয় অবশ্যই থাকতে পারে, তবে রাষ্ট্রের কাছে সেটিই প্রধান পরিচয় নয়। বাংলাদেশের নাগরিক হিসেবে সবার অধিকার সমান। তাই স্বাধীন দেশের কোনো নাগরিককে নিজেকে সংখ্যালঘু হিসেবে ভাবার প্রয়োজন নেই।

সামাজিক ও ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়ে সালাহউদ্দিন আহমদ বলেন, দেশের সনাতন ধর্মাবলম্বীরা ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটব্যাংকের প্রচলিত ধারণা ভেঙে দিয়েছেন।